

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(নেজারত শাখা)
www.bandarban.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.০৩০০.২০২.৩১.০৪২.২৪. ৫৯৯

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪৩১
২৪ নভেম্বর ২০২৪

বিষয়: জনাব মোঃ মনিরুল হক, অফিস সহায়ক এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুকরণ।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল হক, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলীকদম (বর্তমান কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বান্দরবান সদর) বিনা অনুমতিতে ১৪ এপ্রিল ২০২৪ হতে ২৩ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত অফিসে অনুপস্থিতির কারণে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলীকদম এর ২৩ এপ্রিল ২০২৪ তারিখে ০৫.৪২.০৩০৪.০০০.০১.০১৩.২৪-৪৪৩ নম্বর স্মারকে কারণ দর্শানো হলেও কারণ দর্শানোর জবাব দাখিল করেননি; এবং

০২। যেহেতু, আপনি গত ১৪ এপ্রিল ২০২৪ তারিখ হতে ২৭ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত ০৪ মাস ১৪ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে ২৮ আগস্ট ২০২৪ তারিখে চিকিৎসাজনিত কারণে অর্জিত ছুটির আবেদন ও চিকিৎসকের প্রত্যয়নপত্র নিয়ে যোগদান করেন। চিকিৎসকের প্রত্যয়নপত্রে ১৪ দিন পূর্ণ বিশ্রামের উল্লেখ থাকলেও আপনি ০৪ মাস ১৪ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে পলায়ন (desertion) এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৪। সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে পলায়ন (desertion) এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং বিভাগীয় মামলা - ০১/২০২৪ রুজু করা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৫)(ঘ) অনুযায়ী পলায়নের জন্য কেন আপনাকে তিরস্কার ব্যতীত যে কোনো দণ্ড প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

শাহ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক

ফোন: ০২৩৩৩৩০২১০১

ই-মেইল: dcbandarban@mopa.gov.bd

জনাব মোঃ মনিরুল হক

অফিস সহায়ক

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বান্দরবান সদর

(পূর্ববর্তী কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলীকদম)

স্থায়ী ঠিকানা: মধুঝিরি, ৭নং ওয়ার্ড, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর/আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা

২. সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় - (আদেশটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

অভিযোগ বিবরণী

জনাব মোঃ মনিরুল হক, অফিস সহায়ক (বর্তমান কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বান্দরবান সদর) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলীকদম এ কর্মরত থাকাকালীন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হওয়ায়, উপজেলা নির্বাহী অফিসার, আলীকদম খসড়া অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রেরণ করেছেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ নিম্নরূপ:

১. তিনি বিনা অনুমতিতে ১৪ এপ্রিল ২০২৪ হতে ২৩ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত অফিসে অনুপস্থিতির কারণে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলীকদম এর ২৩ এপ্রিল ২০২৪ তারিখে ০৫.৪২.০৩০৪.০০০.০১.০১৩৩.২৪-৪৪৩ নম্বর স্মারকে কারণ দর্শানো হলেও তিনি কারণ দর্শানোর জবাব দাখিল করেননি;
২. তিনি গত ১৪ এপ্রিল ২০২৪ তারিখ হতে ২৭ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত ০৪ মাস ১৪ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে ২৮ আগস্ট ২০২৪ তারিখে চিকিৎসাজনিত কারণে অর্জিত ছুটির আবেদন ও চিকিৎসকের প্রত্যয়নপত্র নিয়ে যোগদান করেন। আবেদনপত্রের সাথে সংযুক্ত চিকিৎসকের প্রত্যয়নপত্রে ১৪ দিন পূর্ণ বিশ্রামের উল্লেখ থাকলেও তিনি ০৪ মাস ১৪ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। উক্ত সময়ে তিনি কর্তৃপক্ষের সাথে কোন ধরনের যোগাযোগ করেন নি;
৩. জনাব মোঃ মনিরুল হক, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বান্দরবান সদর (পূর্ববর্তী কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলীকদম) এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমাতে পলায়ন (desertion) এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

০৫/০৮/২০২৪

শাহ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা

০৫